



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩৩/


তারিখ : /০১/২০১৭খ্রিঃ

**বিষয় :** তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন মিলনপুর মদিনাতুল উলুম দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপার এর বিরুদ্ধে জনৈক মোঃ আনারুল ইসলাম একখানা অভিযোগপত্র দাখিল করেছেন। অভিযোগপত্রে সভাপতি পদে নির্বাচিত হওয়া সত্ত্বেও নির্বাচিত ব্যক্তির নাম বাদ দিয়ে অন্য একজনকে সভাপতি হিসাবে বোর্ড হতে অনুমোদন গ্রহণসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬১২৮৫৮


প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার  
মিঠাপুকুর, রংপুর।

নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩৩/৭৮৬

তারিখ : ০১/০১/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-**

১. জেলা প্রশাসক, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর।
৪. সুপার, মিলনপুর মদিনাতুল উলুম দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৫. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, মিলনপুর মদিনাতুল উলুম দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৬. জনাব মোঃ আনারুল ইসলাম, পিতা- মৃত খোদাবকস্, মিলপুর, গোপালপুর, মিঠাপুকুর, রংপুর।
৭. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

  
মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪

বরাবর,  
চেয়ারম্যান  
মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা।

বিষয়ঃ ১২নং মিলনপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির অনিয়ম কার্যকলাপ প্রসঙ্গে।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি মো: আনারুল ইসলাম, পিতা- মৃত: খোদাবকস সাং- মিলনপুর, থানা- মিঠাপুকুর, জেলা: রংপুর। আমি আওয়ামীলীগ দলীয় নিয়মিত একজন ম্যানেজিং কমিটির সদস্য হিসেবে পরিচিত। গত ০১/১২/২০১৬ ইং তারিখে সকল সদস্যবৃন্দগণের মৌখিক ও লিখিত সমর্থনে উক্ত ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে সমর্থন পাই ও কমিটির যাবতীয় কাগজপত্র আমার নামে তৈরী হওয়ায় ১ নং বিবাদী মো: মোকলেছুর রহমান (সুপার), পিতা- মো: বয়েজ উদ্দিন, ২। মো: মোজাম্মেল হক (জামায়াত নেতা) পিতা- মৃত: মজর উদ্দিন উভয়ের সাং- মিলনপুর, থানা- মিঠাপুকুর, জেলা: রংপুরদ্বয় শলাপরামর্শ ও জোগসাজস করিয়া উক্ত তারিখে আমার যাবতীয় কাগজপত্র গোপন রাখিয়া তাদের নিজ নামে পূর্ণ:রায় কাগজপত্র তৈরী করিয়া অত্র যুব উন্নয়ন অফিসে কাগজপত্র জমা করে। পরদিন আমি ও সকল সদস্যগণ উক্ত ঘটনার বিষয়ে জানতে পারিয়া বিবাদীদ্বয়কে জিজ্ঞাসা করিলে তাহারা বিভিন্ন টালবাহানা করিয়া আমাদের বিভিন্ন প্রকার হয়রানি করিয়া আসিতেছে। অত্র অভিযোগের সহিত আমার নামের কাগজপত্রাদি অভিযোগের সহিত সংযুক্ত করা হইল। আমরা উপায় না পাইয়া আপনার বরাবরে অভিযোগ দায়ের করিতে বিলম্ব হইল।

অতএব, মহোদয় দয়া করিয়া উক্ত ঘটনার বিষয়ে উভয় পক্ষকে নোটিশ প্রদান করিয়া তদন্ত পূর্বক আমার নামে সভাপতি বহাল রাখার জন্য আকুল আবেদন করিতেছি।

তারিখ: ০৫/১২/২০১৬ ইং

নিবেদক

মো: আনারুল ইসলাম  
(সভাপতি)

মো: আনারুল ইসলাম

পিতা- মৃত: খোদাবকস

গ্রাম: মিলনপুর, ডাকঘর: গোপালপুর,

উপজেলা: মিঠাপুকুর, জেলা: রংপুর।

মাদ্রাসা কোড নং: ২৪৬৭৪